বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩১

তারিখঃ ১৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

কমিশনের সার্বিক কার্যক্রম পদ্ধতিনির্ভর হতে ফলাফল নির্ভর করা এবং এর পাশাপাশি এ পদ্ধতির মাধ্যমে সার্বিক কর্মসম্পাদনের নিরপেক্ষ ও নৈর্ব্যক্তিক মূল্যায়ন করা তথা সার্বিকভাবে কমিশনের সকল কার্যক্রমে অধিকতর গতিশীল করার লক্ষ্যে আজ চেয়ারম্যান ও সকল নির্বাহী পরিচালক এর মধ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১' স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কমিশনের সার্বিক কর্মসম্পাদনের নিরপেক্ষ নৈর্ব্যক্তিক বা সংখ্যা ভিত্তিক মূল্যায়ন সম্ভবপর হবে। ফলে কমিশনের বার্ষিক কর্মসম্পাদন অধিকতর গতিশীল স্বচ্ছ ও জবাবদিহীতাপূর্ণ হবে।

কমিশনে সভাকক্ষে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। উক্ত অনুষ্ঠানে সকল কমিশনার, সকল নির্বাহী পরিচালক ও এপিএ (Annual Performance Agreement) টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সরকারের একটি গুরুত্বপূর্ণ সহযোগী প্রতিষ্ঠান হিসেবে ২০১৪-১৫ অর্থ বছর হতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে সফলভাবে কাজ করছে এবং ধারাবাহিকভাবে কমিশন এপিএ তে উল্লেখিত লক্ষ্যমাত্রা পুরনে সক্ষম হয়েছে। ইতোমধ্যে সল্পসময়ে এপিএ'র সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে গঠিত কমিটি কর্তৃক 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বিষয়ে কমিশনের সকল বিভাগকে অধিকতর অবহিতকরণ ও কমিশনের সার্বিক কার্যক্ষমতা (Performance) উন্নতি সংক্রান্ত ২টি ওরিয়েন্টেশন প্রোগ্রাম এর আয়োজন করা হয়েছে। উক্ত প্রোগ্রামে প্রধান বক্তা হিসেবে কমিশনের সম্মানিত কমিশনার মোঃ আবদুল হালিম উপস্থিত ছিলেন। উক্ত ২টি প্রোগ্রামে কমিশনের সহকারী পরিচালক ও তদূর্ধ্ব সকল কর্মচারিকে এপিএ সম্পর্কে অধিকতর ধারণা প্রদান করা হয়।

উক্ত চুক্তিতে কমিশনের বিভিন্ন বিভাগের ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা, কর্মসম্পাদন সূচক ইত্যাদি নির্ধারণ করা হয়েছে। এছাড়াও এপিএটিতে উল্লেখিত কৌশলগত ও আব্যশিক উদ্দেশ্যসমূহ অর্জনপূর্বক কমিশন এর রুপকল্প "স্বয়ংক্রীয়, টেকসই ও উন্নত পুঁজিবাজার" বাস্তবায়নে সার্বিক অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করে মূল্যায়নপূর্বক কমিশনের সার্বিক কর্মদক্ষতা বৃদ্ধি'র জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

31-01-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

চলমান পাতা ১/২


Chairman


Chairman

